

রিম ঝিম রিম ঝিম ঘন দেয়া বরষে
কাজরী নাচিয়া চল পুরনারী হরষে
কদম তমাল ডালে দোলনা দোলে-
কুহু পাপিয়া ময়ূর বোলে।
মনের বনের মুকুল খোলে,
নটশ্যাম সুন্দর-মেঘ পরশে ॥
হৃদয়-যমুনা আজ কুল জানে না গো
মনের রাধা আজ বাধা মানে না গো।
ডাকিছে ঘর ছাড়া ঝড়ের ঝাঁপী
অশনি আঘাত হানে দুয়ারে আসি,
গরজাক গুরুজন ভবনবাসী
আমরা বাহিরে যাব ঘনশ্যাম দরশে ॥